

জবি শিক্ষার্থীদের ওপর দুর্বত্তদের গুলি, পুলিশের মামলা

জবি সংবাদদাতা

১৭ জুলাই, ২০২৪

২১:৩০

শেয়ার

অ +

অ -



জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ওপর গুলি চালায় দুর্বত্তরা। ছবি : কালের কঞ্চ

কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর গুলি ও হামলার ঘটনায় মামলা করেছে পুলিশ। মামলায় অজ্ঞাতপরিচয় দুষ্ক্ষতকারীদের আসামি করা হয়েছে।

বুধবার (১৭ জুলাই) রাজধানীর কোতোয়ালি থানায় এ মামলা করেন থানার উপপরিদর্শক সঞ্জয় কুমার দাস। এদিন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট শান্ত ইসলাম মল্লিক মামলার এজাহার গ্রহণ করে প্রতিবেদন দাখিলের জন্য আগামী ১৪ আগস্ট দিন ধার্য করেন।

জানা যায়, মঙ্গলবার (১৬ জুলাই) বিকেল সাড়ে ঢটার দিকে জবি থেকে কয়েক হাজার আন্দোলনকারী লাঠিসেঁটা নিয়ে রায়সাহেব বাজার অতিক্রম করার সময় শিক্ষার্থীদের ওপর গুলি ও হামলা চালায়। এতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চারজন ও কবি নজরুল সরকারি কলেজের একজন শিক্ষার্থী গুলিবিদ্ধ হন।

শিক্ষার্থীরা জানান, গুলিবিদ্ধ হওয়া ওই শিক্ষার্থীরা হলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৭ ব্যাচের মার্কেটিং বিভাগের শিক্ষার্থী অনিক, ম্যানেজমেন্ট বিভাগের ১৬ ব্যাচের শিক্ষার্থী ফেরদৌস জামান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ১৬ ব্যাচের এইচ এম নাসিম, পদার্থবিজ্ঞান বিভাগের ১৮ ব্যাচের মেহেদী হাসান প্রভা ও কবি নজরুল কলেজের ইসলামিক স্টাডিজ বিভাগের ২০২১-২২ সেশনের শিক্ষার্থী হাসিব।

মামলার এজাহারে বলা হয়েছে, মঙ্গলবার (১৬ জুলাই) সিএমএম কোর্টের মেইন গেটের সামনে পাকা রাস্তা ওপর অজ্ঞাতপরিচয় দুষ্কৃতকারীরা ঘটনাস্থলে বেআইনিভাবে দলবদ্ধ হয়ে দেশি অস্ত্রশস্ত্রে সজিত হয়ে, দাঙ্গা করে পথচারীসহ কতিপয় ব্যক্তিকে হত্যার উদ্দেশ্যে মারধর করে রাত্তাত্ত জখমসহ গুলি করেন।

এতে আরো বলা হয়, পার্ক করা কতিপয় গাড়ি ভাঙচুর ও ক্ষতিসাধন করেন। মামলায় দণ্ডবিধি আইনের ১৪৩, ১৪৭,

১৪৮, ১৪৯, ৮২৭, ৩২৩, ৩২৪, ৩২৬, ৩০৭ ও ৩৪ ধারায় অভিযোগ আনা হয়েছে।